সূত্র: এমএলএন্ডটিএফপিডি/এমডি এন্ড সিইও/০১/২০২২/৫৬

তারিখ: ০৯/০১/২০২২

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক ও ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় : মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তার রোধে মানিলন্ডারিং প্রতিরোধ আইন ও সন্ত্রাস বিরোধী আইন সংক্রান্ত কার্যাদি বাস্তবায়নকল্পে বিএফআইইউ'র নির্দেশনা যথাযথভাবে পরিপালন।

প্রিয় মহোদয়,

সকলের প্রতি রইলো ইংরেজি নববর্ষ-২০২২ এর আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

বিশ্বব্যাপী অতিমারী করোনা ভাইরাসের (কোভিড-১৯) কারণে আমরা অনেকেই হারিয়েছি আমাদের সহকর্মীসহ প্রিয়জনদের। সকল মৃত ব্যক্তির রুহের মাগফিরাত কামনাসহ স্বজনহারা সকলের প্রতি রইলো আমার গভীর সমবেদনা। অতিমারীর এই কঠিন সময়ের মধ্যে আপনারা ব্যাংকের স্বার্থে নিরবচ্ছিন্ন ব্যাংকিং সেবা প্রদান করে যাচ্ছেন যা প্রশংসার দাবীদার।

২.০ বিশ্বব্যাপী মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তার রোধে জাতিসংঘ, দি ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স (FATF), ব্যাসেল কমিটি অন ব্যাংকিং সুপারভিশন, ইউরোপীয় ইউনিয়ন, FATF-Style Regional Bodies, Egmont Group of Financial Intelligence Units, The Wolfsberg Group, World Bank and International Monetary Fund-সহ অন্যান্য প্রতিষ্ঠানসমূহ একযোগে কাজ করে যাচ্ছে।

৩.০ আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের সাথে একাত্মতা ঘোষণা করে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ২০০২ সালে দক্ষিণ এশিয়ার মধ্যে সর্বপ্রথম মানিলন্ডারিং প্রতিরোধ আইন প্রণয়ন করা হয় এবং সর্বশেষ মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (২০১৫ সালে সংশোধিত) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১৩ সালে সংশোধিত)-সহ প্রয়োজনীয় বিধিমালা জারি করা হয়। আইন প্রণয়নের মাধ্যমে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)-কে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে ক্ষমতা ও দায়িত্ব প্রদান করা হয়েছে।

৪.০ বর্ণিত আইনের ক্ষমতাবলে বিএফআইইউ কর্তৃক বিভিন্ন সময়ে গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করা হয়। বিএফআইইউ'র নির্দেশনাসমূহ পরিপালনের বাধ্যবাধকতাসহ ব্যর্থতার দায়ে শাস্তির বিধান রয়েছে। বিএফআইইউ'র বিভিন্ন পলিসি, গাইডলাইন্স ও সার্কুলারের নির্দেশনা এবং পরামর্শের আলোকে এ ব্যাংক হতে সময়ে সময়ে জারিকৃত প্রয়োজনীয় সার্কুলার/পত্রের নির্দেশনা যথাযথভাবে পরিপালন করত ব্যাংকের সুনাম অক্ষুন্ন রেখে নিম্নবর্ণিত কার্যাদি পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশ প্রদান করা হলো :

(১) বিএফআইইউ কর্তৃক নির্ধারিত ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে এ ব্যাংকের বিদ্যমান হিসাবসহ নতুন খোলা সকল হিসাবের তথ্যাদি T-24 Software-এ ১০০% পোস্টিং নিশ্চিত করতে হবে। ইতোপূর্বে খোলা হিসাবের ক্ষেত্রে তথ্যের ঘাটতি থাকলে তা যথাশীঘ্র সম্ভব সংগ্রহ ও যাচাইপূর্বক T-24 Software-এ পোস্টিং করত তথ্যের হার্ডকপি গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে অধিক স্থিতি বিশিষ্ট হিসাবগুলো অগ্রাধিকার দেওয়া যেতে পারে। তথ্য সংগ্রহের সকল প্রচেষ্টা ব্যর্থ হলে হিসাব খোলার ফরমে বিদ্যমান সকল তথ্য পোস্টিং করত হিসাবটি ১৭ কোডে ডরমেন্ট করতে হবে এবং পরবর্তীতে পূর্ণাঙ্গ তথ্যাদি পাওয়া গেলে তার সঠিকতা যাচাইপূর্বক পোস্টিং সম্পন্ন শেষে হিসাবের Account Status Regular-এ স্থানান্তর করতে হবে। **হিসাব খোলার ফরমে বিদ্যমান সকল তথ্য T-24 Software-এ পোস্টিং ব্যতীত কোন অবস্থাতেই হিসাব ১৭ কোডে ডরমেন্ট করা যাবে না।**

(২) গ্রাহকের সাথে আলোচনাপূর্বক হিসাবের যৌক্তিক Transaction Profile (TP) নির্ধারণ করতে হবে। গ্রাহকের আয়ের উৎসের সাথে সামঞ্জস্যহীন TP নির্ধারণ করার ফলে গ্রাহকের লেনদেন সঠিকভাবে মনিটরিং করা যাচ্ছে না। TP নির্ধারণসহ গ্রাহকের KYC, RG এবং CDD সম্পাদনের ক্ষেত্রে কোনোভাবেই গ্রাহককে বিরক্ত/হয়রানি করা যাবে না। এক্ষেত্রে গত ১৩/০৬/২০২১ তারিখে জারিকৃত নির্দেশ বিজ্ঞপ্তি নং:১০৪৭/২১ অনুসরণ করা যেতে পারে।

চলমান পাতা-২

প্রধান কার্যালয় : জনতা ভবন
১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফ্যাক্স: ৮৮-০২-৯৫৬৪৬৪৪, E-mail : aml@janatabank-bd.com, Website : www.jb.com.bd, SWIFT : JANBBDDH
পিএবিএক্স : ০২-২২৩৩৮০০৪২, ০২-২২৩৩৫০১৯৩, বর্ধিত : ৫৪৯, ৫৯৮, ৪৬৫, ৬১২, ২০৫, ৪৭১

মুজিব শতবর্ষ MUJIB 100

মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্ট
ফোন : ২২৩৩৮৮৩৮৬, ৫৫১১০০২৪



সূত্র: এমএলএন্ডটিএফপিডি/এমডি এন্ড সিইও/০১/২০২২/৫৬ তারিখ: ০৯/০১/২০২২

(৩) মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত আইন, সার্কুলার, পলিসি, গাইডলাইন্স ইত্যাদি বিষয়ে BAMLCO-সহ সকল নির্বাহী/কর্মকর্তা-কে সম্যক/হালনাগাদ জ্ঞান অর্জন করতে হবে। উল্লেখ্য এ ব্যাংকের ওয়েবসাইটে এ সংক্রান্ত আইন, সার্কুলার, পলিসি, গাইডলাইন্স আপলোড করা আছে।

(৪) BAMLCO-এর উপর অর্পিত মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত দায়িত্ব গুরুত্বের সাথে পরিপালন করতে হবে। CAMLCO কর্তৃক স্বাক্ষরিত BAMLCO অফিস অর্ডারের ফাইলসহ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রমের গুরুত্বপূর্ণ অন্যান্য ফাইলসমূহ হালনাগাদ করত দ্রুত হস্তগত হয় এমন স্থানে সংরক্ষণ করতে হবে।

(৫) Self Assesment বিবরণী চূড়ান্ত করার পূর্বে শাখা ব্যবস্থাপকের সভাপতিত্বে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা আয়োজন করতে হবে। উক্ত সভায় এএমএল/সিএফটি সংক্রান্ত কার্যক্রম পরিপালনে শাখার দুর্বলতাসমূহ চিহ্নিত করতে হবে। চিহ্নিত সমস্যা শাখা পর্যায়ে সমাধান করা সম্ভব না হলে তা বিবরণীতে লিপিবদ্ধ করে ষান্মাসিককাল সমাপ্ত হওয়ার পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে গ্রেড-১ হতে গ্রেড-৪ ও কর্পোরেট-২ শাখাসমূহ এরিয়া অফিসের মাধ্যমে এবং কর্পোরেট-১, জনতা ভবন কর্পোরেট শাখা ও লোকাল অফিস কর্তৃক সরাসরি প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্ট ও অডিট এন্ড ইন্সপেকশন ডিপার্টমেন্টে (জেনারেল/কর্পোরেট) প্রেরণ নিশ্চিত করতে হবে।

(৬) মানিলন্ডরিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধসহ বাণিজ্য ভিত্তিক মানিলন্ডারিং প্রতিরোধের লক্ষ্যে এ ব্যাংকের প্রণয়নকৃত Policy for Prevention of Trade Based Money Laundering এবং Money Laundering & Terrorist Financing Risk Management Guidelines এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

(৭) নতুন হিসাব খোলার ক্ষেত্রে বিদ্যমান সার্কুলার/নীতিমালাসহ Customer Acceptance Policy (গ্রাহক নির্বাচন নীতিমালা) অনুসরণ করতে হবে। এছাড়াও NID যাচাই, Sanction Screening, False Positive Report সংরক্ষণ, ঠিকানা যাচাইকল্পে ধন্যবাদ জ্ঞাপন পত্র প্রেরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে ঠিকানা যাচাইয়ের জন্য সরেজমিনে পরিদর্শন করতে হবে। এছাড়াও Walk-in Customer এর Sanction Screening, NID যাচাইসহ যথাযথ KYC নিশ্চিত করতে হবে।

(৮) JB Middleware for goAML Software-এর মাধ্যমে রিপোর্টযোগ্য সকল CTR প্রেরণ নিশ্চিত করতে হবে। নিয়মিতভাবে CTR পর্যালোচনাসহ Risk Grading অনুযায়ী উচ্চঝুঁকি সম্পন্ন হিসাব, PEPs এবং IPs হিসাবের লেনদেনে অতিরিক্ত সতর্কতাসহ মনিটরিং করতে হবে এবং গ্রাহকের আয়ের উৎসের সাথে ভারসাম্যহীন লেনদেন পরিলক্ষিত হলে তা STR করতে হবে।

(৯) সকল নির্বাহী ও কর্মকর্তার এএমএল/সিএফটি বিষয়ে প্রশিক্ষণ নিশ্চিত করাসহ প্রশিক্ষণে প্রাপ্ত সনদপত্র শাখার এএমএল/সিএফটি বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত ফাইলে সংরক্ষণ করতে হবে। প্রশিক্ষণবিহীন নির্বাহী/কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট ডিপার্টমেন্টকে অবহিত করতে হবে।

(১০) শাখার এএমএল/সিএফটি সংক্রান্ত রেটিং সন্তোষজনক/শক্তিশালী পর্যায়ে উন্নীত করার জন্য এ ব্যাংকের নির্দেশ বিজ্ঞপ্তি নং: ৯৬৫/২০ তারিখ : ১২/০৭/২০২০ এর পরিশিষ্ট-ঘ মোতাবেক শাখা পরিদর্শন চেক লিস্ট অনুসরণপূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

(১১) ফরেন রেমিটেন্সের ক্ষেত্রে রেমিটেন্সের পরিমাণ/সংখ্যা অস্বাভাবিক মনে হলে প্রেরণকারী ও বেনিফিশিয়ারির সার্বিক তথ্যাদি যাচাই করতে হবে। যাচাইকালে রেমিটেন্স সন্দেহজনক হলে তা STR করতে হবে।

(১২) ঋণের টাকা যথাযথভাবে ব্যবহার না করা অথবা শ্রেণীকৃত ঋণসমূহের ক্ষেত্রে শ্রেণীকৃত হওয়ার কারণ উদঘাটনপূর্বক মানিলন্ডারিং এর সংশ্লেষ আছে কিনা তা যাচাই করতে হবে। যাচাইকালে মানিলন্ডারিং এর কোনো সংশ্লিষ্টতা/সম্ভাবনা আছে প্রতীয়মান হলে তা দ্রুত STR করতে হবে।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি আমাদের আন্তরিকতা, দক্ষতা ও প্রচেষ্টার দ্বারা আমরা বিএফআইইউ'র নির্দেশনা অনুযায়ী মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদন্ড পরিপালনসহ সরকারের অঙ্গীকার বাস্তবায়নে কার্যকর ভূমিকা রেখে ব্যাংকের ভাবমূর্তি উজ্জ্বল করতে সমর্থ হবো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুছ ছালাম আজাদ)
এমডি এন্ড সিইও